

চারের দশক

# ছোটগল্পে কালবৈশাখী

সম্পাদনা

ড. রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

ড. বসুমিতা তরফদার



বঙ্গীয় সাহিত্য সংসদ

**CHARER DASHAK : CHOTOGALPE KALBAISHAKHI**  
The Book Analyzes the helplessness of the common People in the Socio-Economic & Political Turmoil of India in 1940-1950 as Reflected in the writings of Indian Short Stories writers, edited by Dr. Rabindranath Bandyopadhyay, Dr. Basumita Tarafdar. Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samasat, 6/2 Ramanath Majumdar Street, Kolkata-700009. February, 2022 ₹ 800.00

© লেখক

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিপিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপে পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ  
কলকাতা বইমেলা, ২০২২

প্রকাশক  
নোবিসিস তট্টাচার্য  
বঙ্গীয় সাহিত্য সংসদ  
৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট  
কলকাতা : ৭০০০০৯

প্রচ্ছদ  
অতনু গাঙ্গুলী

বর্ষ সংস্থাপন  
ত্রিটমাত্র  
ইছাপুর

মুদ্রক  
সোম লাইন  
কলকাতা : ৭০০০০৬

ISBN : 978-93-93971-96-3

কৃপা : অতিশয় টাকার

## সূচিপত্র

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪-১৯৫০)

ভীড়	৩৩	শিপ্রা চক্রবর্তী
বিপদ	৪১	নবনীতা বৈদ্য

জ্যোতির্ময়ী দেবী (১৮৯৪-১৯৮৮)

এপার গঙ্গা ওপার গঙ্গা	৪৯	বাণীদীপা মণ্ডল
সেই ছেলেটা	৬১	দেবশ্রী বসু

রমেশ চন্দ্র সেন (১৮৯৪-১৯৬২)

সাদা ঘোড়া	৭০	চেতালী মুখোপাধ্যায়
------------	----	---------------------

বিভূতিভূষণ মুখোপাধ্যায় (১৮৯৬-১৯৮৭)

প্রায়শ্চিত্ত	৭৫	সুখেন্দু বিশ্বাস
---------------	----	------------------

তারাকঙ্কর বন্দ্যোপাধ্যায় (১৮৯৮-১৯৭১)

পৌষলক্ষ্মী	৮৬	স্নিগ্ধদীপ চক্রবর্তী
------------	----	----------------------

বলাইচাঁদ মুখোপাধ্যায় (১৮৯৯-১৮৭৯)

দাদার সময়	৯৫	বাপ্লাদিত্য মাইতি
------------	----	-------------------

মনোজ বসু (১৯০১-১৯৮৭)

এপার ওপার	১০৩	শুভাশিস চট্টোপাধ্যায়
-----------	-----	-----------------------

সরোজকুমার রায়চৌধুরী (১৯০১-১৯৭২)

ছন্নছাড়া	১১৫	রীতারাগী পাল
-----------	-----	--------------

অচিন্ত্যকুমার সেনগুপ্ত (১৯০৩-১৯৭৬)

যতনবিবি	১২০	আহমেদ শাকির
স্বাক্ষর	১২৭	রচনা রায়
বস্ত্র	১৩৪	সান্ত্বনা চক্রবর্তী

অন্নদাশঙ্কর রায় (১৯০৪-২০০২)

আঙিনা বিদেশ	১৩৮	শেখ কামাল উদ্দিন
দূরের মানুষ	১৪৫	রিপন সরকার

## মনোজ বসুর এপার-ওপার : চেতনার অন্তর্দহন শুভাশিস চট্টোপাধ্যায়

দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালের লেখকদের মধ্যে যারা বাঙালি পাঠকের মনে আলোড়ন সৃষ্টি করতে সক্ষম হয়েছিলেন, তাদের অন্যতম 'নিশিকুটুম্ব' উপন্যাসের রচয়িতা মনোজ বসু। তাঁর লেখা গল্পগুলি বৈচিত্র্য সৃষ্টির মধ্যে দিয়ে একটি বিশেষ চরিত্র ধর্মে গৃহীত হয়েছে এবং পরবর্তী লেখক সমাজের কাছে আদর্শ হিসেবে ধরা দিয়েছে, একথা নির্দিধায় বলা যায়। তাঁর গল্প রচনার সময়সীমা ১৯২৮ থেকে ১৯৭৮, এই সময়ের মধ্যে ছোট বড়ো মিশিয়ে দেড়শোটির বেশি গল্প তিনি লিখেছেন। প্রায় অর্ধ শতাব্দী ধরে তাঁর গল্পলেখার সময়কালকে সমালোচকের মত অনুসরণ করে দুইটি পর্বে ভাগ করা যায়, প্রথম পর্বের সময়সীমা ১৯৫৮ এর পূর্বের লেখা গল্পগুলি আর দ্বিতীয় পর্বের সময়কাল ১৯৫৮ এর পরবর্তী সময়কাল। প্রথম পর্বের গল্পে যেখানে প্রকৃতিপ্রেম, রোমান্টিকতা প্রাধান্য পেয়েছে, সেখানে দ্বিতীয় পর্বের গল্পে এসেছে রাজনীতি, দেশপ্রেম আর সমকালের প্রসঙ্গ।

মনোজ বসুর জন্ম ২৫ শে জুলাই, ১৯০১ (১৩৮২ বঙ্গাব্দের ৯ই শ্রাবণ) যশোর জেলার ডেডাঘাট গ্রামের বিখ্যাত বসু পরিবারে। নিম্ন-মধ্যবিত্ত একান্নবর্তী পরিবারে জন্ম নিলেও সাহিত্যচর্চার পরম্পরা ছিল। তাই অতি অল্প বয়স থেকেই সাহিত্যচর্চায় আগ্রহ জাগল। কিন্তু বাল্যজীবনের ইচ্ছা প্রতিহত হল পিতা রামলাল বসুর অকালমৃত্যুতে। পাঠশালার পাঠ তখনো সম্পন্ন হয়নি। গ্রাম ছেড়ে কলকাতায় আসতে হল মাত্র তেরো-চোদ্দো বছর বয়সে। রিপন কলেজিয়েট স্কুল থেকে ফার্স ডিভিশনে ম্যাট্রিক পাশ করে আর্থিক সংকটের কারণে শহরের নামী কলেজে ভর্তি না হয়ে কলা বিভাগে ভর্তি হলেন বাগেরহাট কলেজে। তারপর সাউথ সাবারবন কলেজ (বর্তমানে আশুতোষ কলেজ) থেকে ডিগ্টিশন নিয়ে স্নাতক হলেন। এরপরে আইন পড়ার পাশাপাশি স্কুল পাঠ্যবই ও শিক্ষকতা করে অর্থ উপার্জন তাঁর জীবনের প্রতিষ্ঠার পথকে কিছুটা দীর্ঘায়িত করল। তবে ধানিয়ে রাখতে পারলো না।

এই সময়ের একাধিক কৃতি লেখকের মত মনোজ বসুর সাহিত্যজীবনের সূচনা হয়েছিল কবিতা লেখার মধ্যে দিয়ে। সাহিত্যজীবনের সূচনা পর্বের লেখা কোন কবিতার প্রতিষ্ঠার চিহ্ন খুঁজে পাওয়া না গেলেও কবিতা রচয়িতা মনোজ বসুর পরিচয় মুদ্রিত হয়ে আছে 'কিলমিল' গ্রন্থের শেষ দিকে, কিম্বা 'সৈনিক' উপন্যাসের মধ্যে। দশম শ্রেণীর ছাত্র থাকাকালীন তিনি লেখেন গল্প 'গৃহহারা', যেটি প্রকাশিত হয় ১৩২৭ বঙ্গাব্দে, বিংশ দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সংখ্যায়। অপরিণত বয়সের লেখনি হলেও পরিণত বয়সের